

## লেকচার শীট-৪

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

### অধ্যায়:দেখে এলাম নায়গ্রা

#### উত্তর পত্র

##### ১. নায়গ্রা জলপ্রপাত এবং ঝর্ণার মধ্যে পার্থক্য বুঝিয়ে লিখ ।

উত্তর:নায়গ্রা জলপ্রপাত এবং ঝর্ণা উভয়ই প্রাকৃতিক জলধারা। জলপ্রপাত আকারে বিশাল। সেই তুলনায় ঝর্ণা আকারে ছোট। যেমন নায়গ্রা জলপ্রপাতের আকার বিশাল। সেই তুলনায় পার্বত্য অঞ্চলের ঝর্ণার আকার ছোট। এটিই নায়গ্রা জলপ্রপাত ও ঝর্ণার মধ্যে পার্থক্য।

##### ২. নায়গ্রা জলপ্রপাত এর বিশেষত্ব কী?

উত্তর:নায়গ্রা পৃথিবীর সবচেয়ে বড় জলপ্রপাত। সকল জলপ্রপাত পাহাড় থেকে নামলেও নায়গ্রা পাহাড় থেকে নামে নি। নদীর জলধারা যে মাটির ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে সেখানে রয়েছে এক বিশাল ফাটল। নায়গ্রার জল ওই ফাটলের ভেতর চলে যায় কিন্তু কোথায় যায় তা বোঝা যায় না। নায়গ্রার বিশেষত্ব এটাই।

##### ৩.বিশ্ব-ভূমঙ্গল বড়ই বিচ্ছি- ব্যাখ্যা করো ।

উত্তর:পৃথিবীর ভৌগলিক অবস্থা কোথাও এক রকম নয়। কোথাও সুউচ্চ পাহাড়-পর্বত,কোথাও নদী-নালা ,সমুদ্র ,বনভূমি ,আবার কোথাওবা বিস্তীর্ণ মরুভূমি । আবার প্রকৃতিতেও লক্ষ করা যায় এই বৈচিত্রের ছোঁয়া -কোথাও তীব্র শীত ,কোথাও প্রচণ্ড গরম ,কোথাও আবার সারা বছরই বরফে ঢাকা থাকে । কেবল পৃথিবীর নয়, পৃথিবীর বাইরে যে বিশাল মহাকাশ সেখানেও আছে বৈচিত্র্য । এ কারণেই বলা হয়েছে, বিশ্ব-ভূমঙ্গল বড়ই বিচ্ছি ।